

‘এবং মহুয়া’-বিশ্ববিদ্যালয় যজ্ঞী আয়োগ (U.G.C.- CARE List) অনুমোদিত  
আলিকার অন্তর্ভুক্ত। ১০২০ মালে প্রকাশিত ৮৬ পঃ  
আলিকার ৬০ পঃ এবং ৮৪ পঃ উন্মোচিত।

# এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা)

২৩ তম বর্ষ, ১৩৪ সংখ্যা, জুন, ২০২১



সম্পাদক

ডা. মদনমোহন বেৱা

কে.কে.প্রকাশন  
গোলকুমারচক, মেদিনীপুর, প.বঙ্গ।

৫১.শব্দ আর সত্ত্বের গোপন রাজনীতি : হাংরি জেনারেশন সংক্রান্ত	
একটি বিতর্ক :: ড. ভাস্কর খাঁড়া.....	৩৯৯
৫২.ঠাকুর জমিদার বনাম কাঙাল হরিনাথ—এক ঐতিহাসিক সংঘাত	
:: ড. বিপ্লব সরকার.....	৪০৬
৫৩.মহাশ্঵েতা দেবীর‘জাতুধান’গল্পে অন্তেবাসী মানুষের বুভুঙ্কুকঠন্ডৱ	
:: ড. বিপুল মণ্ডল.....	৪১৭
৫৪.‘আরওয়ালের হাত’ও ‘প্রসব’:নকশাল আন্দোলনের দুই দিগন্ত	
:: ড. দীপক সোম.....	৪৩২
৫৫.জয়া গোয়ালার গল্প : প্রাণিক মানুষের জীবনাখ্যান	
:: ড. মলয় দেব.....	৪৪১
৫৬.লোকসাহিত্যে মারণব্যাধি : স্বরূপ ও প্রতিরোধ	
:: ড. নির্মল দাশ.....	৪৪৮
৫৭.মানস দেববর্মণের গল্প : একটি পাঠ	
:: ড. পদ্ম কুমারী চাকমা.....	৪৫৭
৫৮.শঙ্খ ঘোষের ছড়ায় ‘সবকিছুতেই খেলনা হয়’	
:: ড. শেখ নজরুল ইসলাম.....	৪৬৪
৫৯.মৃচ্ছকটিকে সমাজচিত্র :: ড. সোমা বন্দ্যোপাধ্যায়.....	৪৭৫
৬০.বক্ষিমের তুলনামূলক সাহিত্য ভাবনা : প্রসঙ্গ ‘শকুন্তলা, মিরন্দাও	
দেসদিমোনা’ :: ড. সুমন ঘোষ.....	৪৮২
৬১.রামায়ণ পালাকাব্যের কবি ভবানীনাথের শ্রীরামচন্দ্রের	
অভিযেক : অমুদ্রিত পুঁথির সমীক্ষাত্মক বিশ্লেষণ	
:: ড.রাজীব চন্দ্র পাল.....	৪৮৬
৬২.নবারুণ ভট্টাচার্যের ‘হারবাট’ : এক ছক ভাঙা উপন্যাস	
:: ড.আশিস অধিকারী.....	৫০৪
০০লেখক পরিচিতি.....	৫১৫
০০০UGC--CARE list.....	৫১৮

## মৃচ্ছকটিকে সমাজচিত্র

ড. সোমা বন্দ্যোপাধ্যায়

### সার সংক্ষেপ :

নাটককে শাস্ত্রকারণ লোকবৃত্তির অনুকরণ বলেছেন। একটি নির্দিষ্ট সমাজব্যবস্থার ছবি প্রতিটি নাটকে পাওয়া যায়। তেমনি ভাবে শুদ্ধক রচিত দশ অংকের প্রকরণ জাতীয় দৃশ্যকাব্য মৃচ্ছকটিক কে সমাজের নানান দিক আমরা ব্যাপকভাবেই পাই, কারণ সংস্কৃত সাহিত্যে এই নাটকটি যেভাবে ধূলো-মাটি স্পর্শ ধন্য অন্য কোন নাটক সেই অর্থে জনতার নাটক হয়ে উঠতে পারেনি। এই নাটকে রাজ-রাজড়া বা সমাজের বিদ্঵ানী লোকেদের কথা যেমন আছে তেমনি সমাজের মধ্যবিত্ত ও নিম্নবিত্ত সম্পদারের আশা-আকাঙ্ক্ষা ও ভালবাসার কথাও বলিষ্ঠতার সঙ্গে উচ্চারিত হয়েছে। পালক, আর্বক বা শকার নন চারুদস্ত, বসন্তসেনা, মদনিকা ও শর্বিলকই এই নাটকের মূল আকর্ষণ। তৎকালীন সমাজ ব্যবস্থার তমসাচ্ছন্ন দিকগুলিও নাট্যকার সুনিপুণভাবে এই নাটকে তুলে ধরেছেন। অতএব বিস্তৃতির মধ্যে না গিয়ে সমাজের সংক্ষিপ্ত জীবনের ফুটিয়ে তোলাই বর্তমান প্রবক্ষের উদ্দেশ্য।

### নৃত্য শব্দ :

শুদ্ধক, চারুদস্ত, বসন্তসেনা, মদনিকা, শর্বিলক, শকার, পালক, বিদূষক, উজ্জয়িলী, বণ্ণশ্রিমধ্যম, বৌদ্ধধর্ম, বিচার ব্যবস্থা।

### প্রতিপাদ্য বিবর :

কালিদাসোন্তর যুগের একজন নাট্যকার হলেন শুদ্ধক। নাট্যকার শুদ্ধক শ্রীষ্টপূর্ব তত্ত্বানী থেকে খ্রিস্টীয় পঞ্চম শতাব্দীর মধ্যে বর্তমান ছিলেন বলে অনুমান করা হয়। তাঁর রচিত দশ অঙ্কের প্রকরণ জাতীয় দৃশ্যকাব্য হল মৃচ্ছকটিক। মৃ + শকট অর্থাৎ একটি মাটির খেলনা গাড়ি। এই মৃচ্ছকটিক নাটকটি ভাসের লেখা চারুদস্ত এর উৎস বলে মনে হয়। কারণ প্রথম পাঁচটি অঙ্কই ভাসের লেখা চারুদস্তের চার অঙ্কের সাথে মিল পাওয়া যায়। নাটকটি শ্রীষ্টপূর্ব পঞ্চম শতকে প্রদ্যোঁৎ সাম্রাজ্যের পতনকালে উজ্জয়িলী (বর্তমানে পাটনা) নামে একটি প্রাচীন ভারতীয় নগরের প্রেক্ষাপটে লেখা। সৈন্যকার রাজা ছিলেন পালক। মূল কাহিনিটি চারুদস্ত নামের এক সন্ধান্ত অথচ দরিদ্র ব্রহ্মণ যুবককে কেন্দ্র করে। যিনি বসন্তসেনা নামে এক বারবণিতা বা নগরবধু কর্তৃক পঞ্চাদশ হন। পারম্পরিক অনুরাগ সন্দেশে তাদের বাসস্থান ও ভালোবাসা পথে বসে শকার নামে এক কামাতুর রাজসভাসদের চাতুর্যে। এর সাথে বসন্তসেনার সহচরী